

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা ।

বিআরপিডি সাকুলার লেটার নং-০৩

১০ মার্চ ২০০৫
তারিখ: -----
২৬ ফাল্গুন ১৪১১

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল বেসরকারী ব্যাংক

প্রিয় মহোদয়,

নতুন ব্যাংক শাখা খোলার ক্ষেত্রে আড়ম্বরপূর্ণ সাজসজ্জায় উচ্চ ব্যয় পরিহার প্রসঙ্গে ।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন ব্যাংকের নতুন শাখার সাজসজ্জায় আড়ম্বরপূর্ণ সরঞ্জাম ও আসবাবাদি সংগ্রহের জন্য উচ্চ/অস্বাভাবিক ব্যয় নির্বাহ করা হচ্ছে । এরূপ উচ্চ ব্যয় পরিহারকল্পে আধুনিক তথ্য প্রযুক্তি সরঞ্জাম ব্যতীত অন্যান্য সরঞ্জাম ও আসবাবাদির জন্য বিলাসবহুল ও চাকচিক্যের পরিবর্তে মৌলিক প্রয়োজনের প্রেক্ষিত বিবেচনা করেই প্রয়োজনীয় সামগ্রী সংগ্রহ করার বিষয়ে ব্যাংকসমূহকে ইতিপূর্বেও পরামর্শ দেয়া হয়েছে ।

এমতাবস্থায়, নতুন শাখা খোলার ব্যয় বিষয়ে বিআরপিডি সাকুলার লেটার নং-১৭, তারিখ ১৭/০৮/২০০৩ এ বর্ণিত নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণ করার জন্য ব্যাংকসমূহকে পুনরায় নির্দেশ দেয়া যাচ্ছে । উক্ত নির্দেশ পরিপালনে ব্যর্থ হলে সংশ্লিষ্ট ব্যাংক কোম্পানীর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহন করা হবে ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জাহাঙ্গীর আলম)
উপ-মহাব্যবস্থাপক
ফোন: ৭১২৫৮৪৪